

বিকাশে একাদশ শ্রেণির ভর্তির আবেদন ফি

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ০১ জুন ২০২৪

২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ ও টেকনিক্যাল কারিকুলামে ভর্তির আবেদন ও রেজিস্ট্রেশন ফি বিকাশে প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারছেন শিক্ষার্থীরা। প্রথম ধাপে ভর্তির ফি দিয়ে আবেদন করার পর নির্বাচিত শিক্ষার্থী পরবর্তী ধাপে শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন ফিও বিকাশ দিয়েই পরিশোধ করতে পারছেন। বিভিন্ন শিক্ষাবোর্ডের অধীনে থাকা শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় অনলাইনে একাদশ শ্রেণীতে ভর্তির প্রথম পর্যায়ের এই আবেদন শুরু হয়েছে ২৬ মে তারিখে, যা চলবে ১১ জুন, ২০২৪ পর্যন্ত। এরপর আরো দু'টি পর্যায়ে (২৪ জুন থেকে ৮ জুলাই এবং ৯ থেকে ১৪ জুলাই, ২০২৪) একইভাবেই আবেদন করার সুযোগ পাবেন শিক্ষার্থীরা। বিকাশে ১৫০ টাকা আবেদন ফি দিয়ে শিক্ষার্থীরা সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের পছন্দক্রম দিতে পারবেন।

একাদশে ভর্তির আবেদন ফি জমা দিতে এডমিশন ওয়েবসাইট <https://xiclassadmission.com.bd/xiclassadmission-gov-bd/>-এ লগ ইন করে সাইড মেন্যুতে 'আবেদন ফি জমা দিন' অপশনে ক্লিক করলেই পেমেন্ট গেটওয়ে অপশন আসবে। সেখানে, 'এসএসএলকমার্জ'-এ ক্লিক করে পেমেন্ট মাধ্যম হিসেবে মোবাইল ব্যাংকিং থেকে 'বিকাশ' সিলেক্ট করতে হবে। এরপর, মোট প্রদেয় ফি পরিমাণ উল্লেখ করে 'কনফার্ম' বাটনে ক্লিক করে পরের ধাপে বিকাশ পিন নম্বর দিয়ে লেনদেন সম্পন্ন করতে হবে। পরবর্তীতে, লেনদেনটি সম্পন্ন হয়েছে কনফার্মেশন বার্তার নিচে থাকা 'আবেদন জমা দিতে এগিয়ে যান' অপশনে ক্লিক করে আবেদন সম্পন্ন করতে হবে।

এদিকে, টেকনিক্যাল-এ ভর্তিচ্ছুরা বিকাশ অ্যাপের 'এডুকেশন ফি' অপশনে গিয়ে বিটিইবি (BTEB) সিলেক্ট করে কয়েকটি ধাপ অনুসরণ করে ভর্তির জন্য আবেদন করতে পারছেন। বিকাশ অ্যাপ থেকে ১৬২ টাকা আবেদন ফি দিয়ে ভর্তি আবেদন করতে পারছেন শিক্ষার্থীরা।

<http://btebadmission.gov.bd/website/> ওয়েবসাইটে আবেদনের বিস্তারিত
জানা যাবে।